দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 5 .. 1999
পৃষ্ঠা ২ ... কলাম ৫ ......

54

# সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের প্রথম বর্ষ ছাত্রছাত্রীদের ক্লাসে যোগদান প্রসঙ্গে

স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের ১৯৯৭-৯৮ সেশনের ১ম বর্ষের ছাত্রছাত্রীরা কলেজে চলমান পরীক্ষা উপেক্ষা করে ও কলেজ কর্তৃপক্ষের বিনানুমতিতে নিজেরাই গত ২১ ডিসেম্বর হতে অটোভেকেশন ঘোষণা দিয়ে কলেজ ক্যাম্পাস ত্যাগ করেছে। এ পরিপ্রেক্ষিতে গত ৩১ ডিসেম্বর কলেজের এক জরুরি বর্ধিত একাডেমিক কাউন্সিলের সভার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত অনুযায়ী উক্ত প্রথম বর্ষের সকল ছাত্রছাত্রীকে আগামী ৫ জানুয়ারির মধ্যে ক্লাসে যোগদান করার নির্দেশ দেয়া হয়েছে।

যারা ৬ থেকে ৭ জানুয়ারি তারিখে যোগ দেবে তাদের ২০০/- টাকা জরিমানা করা হবে। যারা ৭ জানুয়ারির মধ্যে ক্লাসে যোগ দেবে না তাদের প্রথম বর্ষের ভর্তি অত্র কলেজ হতে বাতিল করা হবে। পূর্বঘোষিত এনাটমি বিভাগের পরীক্ষা অপরিবর্তিত থাকবে। খবর সরকারি তথ্য বিবরণীর।